



গতকাল অনুষ্ঠিত ইউনেস্কোর বাংলাদেশ জাতীয় কমিশনের বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান

## ইউনেস্কোর আদর্শ

সম্মুখত করুন :

## শাহ আজিজ

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান ইউনেস্কোর বাংলাদেশ জাতীয় কমিশনের সদস্যদের প্রতি দেশে ইউনেস্কোর আদর্শ ও নীতিমালা আরও সম্মুখত করার আহ্বান জানান। খবর বাসসর।

তিনি গতকাল সচিবালয়ের মন্ত্রী-পরিষদ কক্ষে ইউনেস্কো জাতীয় কমিশন সদস্যদের উদ্দেশ্যে ভাষণ দানকালে একথা বলেন।

(শেষ পৃ: ৪-এর কঃ দ্রঃ)

## শাহ আজিজ

(১ম পৃ: পর)

বৈঠকের শুরুতে মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমানের সম্মানে এক মিনিট নীরবতা পালন করা হয়। মরহুম জিয়া বাংলাদেশে ইউনেস্কো বিষয়ে গভীর আগ্রহ দেখিয়েছিলেন।

ইউনেস্কো কমিশন ইউনেস্কো সংশ্লিষ্ট শিক্ষা, বিজ্ঞান, সংস্কৃতি ও যোগাযোগ সংক্রান্ত বিষয়ে সহযোগিতা ও সমন্বয় সাধন করে। সে হিসেবে দেশের খ্যাতিনামা শিক্ষাবিদ এবং ইউনেস্কোর সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে কমিশন গঠিত হয়।

এই কমিশনের চেয়ারম্যান প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গত বছর বিশেষ করে বাংলাদেশের গণশিক্ষা কর্মসূচীতে ইউনেস্কো যে অবদান রেখেছে ও সহায়তাদান করেছে তার প্রশংসা করেন।

বৈঠকে ইউনেস্কো কূপনের কার্যকর ও যথাযথ ব্যবহারে সন্তোষ প্রকাশ করেন।